

■ সহীহ বুখারী (তাওহীদ পাবলিকেশন)

হাদিস নাম্বারঃ ২২০

৮/ উয় (كتاب الوضوء)

পরিচ্ছেদঃ ৮/৫৮. মসজিদে পেশাবের উপর পানি ঢেলে দেয়া।

بَابِ صَبِّ الْمَاءِ عَلَى الْبَوْلِ فِي الْمَسْجِدِ

আরবী

حَدَّثَنَا أَبُو الْيَمَانُ، قَالَ أَخْبَرَنَا شُعَيْبٌ، عَنِ الزُّهْرِيِّ، قَالَ أَخْبَرَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ
بْنِ عُتْبَةَ بْنِ مَسْعُودٍ، أَنَّ أَبَا هُرَيْرَةَ، قَالَ قَامَ أَعْرَابِيٌّ فَبَالَ فِي الْمَسْجِدِ فَتَنَاهَلُ النَّاسُ،
فَقَالَ لَهُمُ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى
اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ "دَعُوهُ وَهَرِيقُوا عَلَى بَوْلِهِ سَجْلًا مِنْ مَاءِ، أَوْ
ذَنْبُوْبًا مِنْ مَاءِ، فَإِنَّمَا بُعْثِثُ مُيَسِّرِينَ، وَلَمْ تُبَعَّثُوا مُعَسِّرِينَ".

বাংলা

২২০. আবু হুরাইরাহ (রায়ি.) হতে বর্ণিত। তিনি বলেনঃ একদা জনেক বেদুইন দাঁড়িয়ে মসজিদে পেশা করল। তখন লোকেরা তাকে বাধা দিতে গেলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের বললেনঃ তোমরা তাকে ছেড়ে দাও এবং ওর পেশাবের উপর এক বালতি পানি ঢেলে দাও। কারণ তোমাদেরকে কোমল ও সুন্দর আচরণ করার জন্য পাঠানো হয়েছে, কৃত আচরণ করার জন্য পাঠানো হয়নি। (৬১২৮) (আধুনিক প্রকাশনীঃ ২১৪, ইসলামিক ফাউন্ডেশনঃ ২২০)

English

Narrated Abu Huraira:

A Bedouin stood up and started making water in the mosque. The people caught him but the Prophet (sallallahu 'alaihi wa sallam) ordered them to leave him and to pour a bucket or a tumbler of water over the place where he had passed the urine. The Prophet (sallallahu 'alaihi wa sallam) then said, "You have been sent to make things easy and not to make them difficult."

হাদিসের শিক্ষা

প্রাসঙ্গিক আলোচনা

পেশাবকারীকে বাধা দিতে নিষেধ করার কয়েকটি কারণ থাকতে পারে- (১) মূর্খের প্রতি কোমলতা প্রদর্শন করার জন্য। (২) তার কর্তৃত অবস্থার প্রতি লক্ষ্য করে, সম্ভবত পেশাব তাকে কাবু করে ফেলেছে। (৩) উম্মতকে শিক্ষা দেয়ার জন্য যে কীভাবে একজন মূর্খ মানুষকে সঠিকভাবে দিক-নির্দেশনা দেয়া যায়। (৪) পেশাব বন্ধ করলে তার স্বাস্থ্যগত ক্ষতি হতে পারে। (৫) পেশাব নিয়ে দাঁড়িয়ে গেলে হতে পারে তা আরও বেশি জায়গা ময়লা করবে।

মুসলিমের অপর বর্ণনায় এসেছে, নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বেদুইনকে ডেকে বললেন, “এ মসজিদসমূহ পেশাবের উপযোগী নয়, অন্যান্য অপরিচ্ছন্ন কাজের জন্যও নয়, তা তো কেবল আল্লাহর যিকির, সালাত ও কুরআন তিলাওয়াতের জন্য।” [সহীহ মুসলিম: ২৮৫] অনুরূপভাবে আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহুর হাদীসে এসেছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবায়ে কেরামকে উক্ত বেদুইনকে ছাড় দিতে বললেন, আরো বললেন, “তোমরা তো কেবল সহজকারীরূপে প্রেরিত হয়েছ, সংকীর্ণকারীরূপে প্রেরিত হওনি।”

হাদীসের শিক্ষা

১. পেশাব নাপাক হওয়া।

২. মসজিদের পবিত্রতার ব্যাপারে যত্নবান হওয়া।

৩. যখনি মসজিদ অপবিত্র হয়ে যাবে তখনই তা পবিত্র করার জন্য লেগে যেতে হবে।

৪. কোনো ভূমি পবিত্র করার জন্য অপবিত্র জায়গায় একবার পানি প্রবাহিত করে দিলেই হবে, সে স্থান থেকে মাটি সরানোর প্রয়োজন নেই। তবে যদি দৃশ্যমান ময়লা থাকে তবে আগে তা দূর করতে হবে তারপর পানি ঢালতে হবে।

৫. নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের উত্তম চারিত্রিক উৎকর্ষতা। যে কারণে বেদুইন বলতে আরম্ভ করলো, 'হে আল্লাহ আমাকে ও মুহাম্মাদকে রহমত করুন, আমাদের সাথে আর কাউকে রহমত করবেন না।' যেমনটি সহীহ বুখারীর বর্ণনায় এসেছে।

৬. মূর্খদের শিক্ষা প্রদানের ক্ষেত্রে কোমলতা প্রদর্শন করতে হবে।

৭. অন্যায় দূর করার জন্য হিকমত অবলম্বন অপরিহার্য।

৮. নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লামের দূরদৃষ্টি ও মানুষের প্রকৃতি সম্পর্কে অবহিত হওয়া।

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=23759>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন